গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mor.gov.bd

## রেল সেবাকে অক্ষুন্ন রাখতে জরুরিভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের নিয়োগ বিধি প্রণয়নের বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: নূরুল ইসলাম সুজন এম.পি<br>মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৫ জুন ২০২০ |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | রেলভবনস্থ ২য় তলার সভাকক্ষ<br>এবং জুম এপের মাধ্যমে |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | | পরিশিষ্ট-'ক' |

০২। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান এবং শারীরিক সুস্থতা প্রত্যাশা করে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, বাংলাদেশ রেলওয়ের (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৫ সামরিক সরকারের আমলে প্রণীত বিধায় মহামান্য সুপ্রিম কোর্টের আপিল আদালত কর্তৃক বাতিল হওয়ায় চলমান নিয়োগ কার্যক্রম আপাতত স্থগিত করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ের বহু কর্মকর্তা/কর্মচারী বয়সজনিত কারণে ইতোমধ্যে অবসরে গেছেন এবং প্রতিনিয়ত অবসরে যাচ্ছেন মর্মে তিনি সভায় উল্লেখ করেন। তিনি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী'র সদয় বিবেচনার কারণেই গত কয়েক বছরের মধ্যে রেলপথ এবং প্রয়োজনীয় অন্যান্য ভৌতকাঠামো মানে ও পরিমাণে বৃদ্ধি পেয়েছে। ফলে জনগণ রেলওয়েকে সাশ্রয়ী, নিরাপদ এবং সহজলভ্য গণপরিবহন হিসেবে ব্যবহার করতে পারছে। তিনি আশংকা ব্যক্ত করে বলেন যে, শূন্যপদে নিয়োগ কার্যক্রম অতিসত্বর শুরু না করলে সীমিত এ জনবল দিয়ে কাঙ্ক্ষিত সেবা প্রদান সম্ভব নাও হতে পারে। কাজেই, আশু করণীয় নির্ধারণের জন্য তিনি উপস্থিত সকলকে আলোচিত বিষয়ে সুচিন্তিত মতামত ব্যক্ত করার আহবান জানান।

০৩। সভায় মাননীয় সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ শহিদুল হক, প্রাক্তন সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ জানান যে, যেকোন বিধি প্রণয়ন একটি সময়সাপেক্ষ ব্যাপার। সংস্থা কর্তৃক প্রণীত খসড়া জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রথমে মূল্যায়িত হওয়ার পর প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে বিষয়টি উপস্থাপন করা হয়। তিনি জানান যে, অতপর খসড়াটি আইন মন্ত্রণালয়ের ভেটিং নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর'র সানুগ্রহ সম্মতির ভিত্তিতে মহামান্য রাষ্ট্রপতির'র অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। সুতরাং রেলওয়ের আশু প্রয়োজনে সকল বিষয় যথাযথভাবে আলোকপাত করে সামারি উপস্থাপনের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী'র সানুগ্রহ অনুমতি গ্রহণ করলে বিধিটি অতি অল্প সময়ে প্রণয়ন সম্ভব মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৪। রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় সচিব এ পরিপ্রেক্ষিতে বলেন যে, তিনি বিষয়টি নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে আলোচনা করেছেন। তিনি লেজিসলেটিভ বিভাগের প্রাক্তন সিনিয়র সচিব মহোদয়ের প্রস্তাব মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রী'র বিবেচনার নিমিত্ত সামারিটি দ্রুত তৈরির জন্য বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) এবং তার টিমকে অনুরোধ করেন।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৫। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) সভায় জানান যে, তিনি আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রত্যাশিত সামারি তৈরি করে মন্ত্রনালয়ে দাখিল করবেন।

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) মাননীয় প্রধানমন্ত্রী'র সদয় অবহিত এবং বিবেচনার নিমিত্ত আগামী তিন কার্যদিবসের মধ্যে বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) ও তার টিম একটি খসড়া সামারি প্রস্তুত করে মন্ত্রনালয়ে প্রেরণ করবে।

(খ) খসড়াটি মন্ত্রণালয় দ্রুততম সময়ের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৭। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৬/২০২০

(মো: নূরুল ইসলাম সুজন এম.পি)
মন্ত্রী

মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় এর সভাপতিত্বে "বাংলাদেশ রেলওয়ে নন-গেজেটেড কর্মকর্তা-কর্মচারি নিয়োগ বিধিমালা-২০২০" এর খসড়া পর্যালোচনার নিমিত্ত ২৫.০৬.২০২০ তারিখ অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয় / দপ্তর | ফোন / মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মো: শামসুজ্জামান মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | 01711505383 | [illegible] 25/6/20 |
| ২ | প্রনব কুমার ঘোষ অতি: সচিব | রেলপথ মন্ত্রণালয় | | [illegible] |
| ৩ | আহমেদ [illegible] অতি: সচিব | ঐ | | [illegible] |
| ৪ | মো: মিয়াজ্জামান অতি: মহাপরিচালক প্রকৌশল | বি রেল | 01711505310 | [illegible] 25/6/20 |
| ৫ | আবুল কালাম [illegible] পরিচালক (আ, [illegible]) | পিজিএম | 01711691027 | [illegible] |
| ৬ | মুহাম্মদ মাসুদ [illegible] | MOR | 01711988738 | [illegible] |